BANGLADESH
HI-TECH PARK
AUTHORITY

# বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

www.bhtpa.gov.bd

**বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪**

## ৩.১ পরিচিতি

দেশে হাই-টেক শিল্প তথা তথ্যপ্রযুক্তি নির্ভর শিল্পের বিকাশ ও উন্নয়নের মাধ্যমে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি ও কর্মসংস্থান সৃষ্টি করার লক্ষ্যে 'বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন-২০১০' এর আওতায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন হতে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ দেশের বিভিন্ন স্থানে হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক/ আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের মাধ্যমে দেশের বিপুল যুবশক্তির কর্মসংস্থান নিশ্চিত ও দক্ষ মানবসম্পদ সৃষ্টি করে আর্থ সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। প্রশাসনিক কাঠামো অনুযায়ী বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রতিষ্ঠানটির কার্যক্রম তদারকি ও দিক নির্দেশনা প্রদানের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মন্ত্রী/প্রতিমন্ত্রীর সভাপতিত্বে নির্বাহী কমিটি এবং মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বোর্ড অব গভর্নরস (বিওজি) রয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সারাদেশে ৯২টি হাই-টেক পার্ক (এইচটিপি)/সফটওয়্যার টেকনোলজি পার্ক (এসটিপি)/আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার নির্মাণ করছে। ইতোমধ্যে ১৮টি পার্কের নির্মাণ কাজ শেষ হয়েছে ও ব্যবসায়িক কার্যক্রম চলছে। অবশিষ্ট পার্কগুলোর নির্মাণ কাজ চলমান রয়েছে।

| | | |
|---|---|---|
| প্রশাসনিক বিভাগ | : | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| মন্ত্রণালয় | : | ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় |
| প্রতিষ্ঠার তারিখ | : | ২৮ জুন, ২০১০ খ্রিস্টাব্দ |
| প্রধান কার্যালয় | : | আইসিটি টাওয়ার (লেভেল-৯) আগারগাঁও, ঢাকা। |

### ৩.১.১ রূপকল্প (Vision):

বাংলাদেশে আইটি/হাই-টেক শিল্পের টেকসই উন্নয়ন ও বিকাশ।

### ৩.১.২ অভিলক্ষ্য (Mission):

তথ্য-প্রযুক্তি শিল্পের জন্য আন্তর্জাতিক মানের অবকাঠামো প্রতিষ্ঠার মাধ্যমে বিনিয়োগের অনুকূল ও টেকসই পরিবেশ উন্নয়ন করে হাই-টেক শিল্পের ইকোসিস্টেম তৈরি।

### ৩.১.৩ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রধান কার্যাবলি

হাই-টেক সেক্টরে বিনিয়োগ এবং কর্মসংস্থান বৃদ্ধির জন্য উপযুক্ত বিনিয়োগ অবকাঠামো এবং দক্ষ মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক সমৃদ্ধি আনয়ন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের মূল দায়িত্ব। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের গুরুত্বপূর্ণ কার্যাবলী নিম্নরূপ:

- বাংলাদেশে হাই-টেক পার্ক নির্মাণের পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়ন;
- বাংলাদেশে হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠিত পার্কের সুষ্ঠু ব্যবস্থাপনা ও পরিচালনা;
- হাই-টেক পার্কে বিশ্বমানের বিনিয়োগ বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ;
- হাই-টেক পার্কে বিদেশী বিনিয়োগ আকৃষ্টকরণ;
- হাই-টেক/আইটি খাতের জন্য প্রয়োজনীয় দক্ষ মানবসম্পদ উন্নয়ন;
- বেসরকারি পর্যায়ে হাই-টেক পার্ক/ সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপন উৎসাহিতকরণ;
- হাই-টেক শিল্পের জন্য বিনিয়োগ বান্ধব পলিসি, গাইডলাইনস ও আইন প্রণয়ন;
- হাই-টেক/আইটি শিল্প নির্ভর স্টার্ট আপদের ইনকিউবেশন সুবিধা প্রদানসহ দেশে উদ্ভাবনী সংস্কৃতি গড়ে তোলা;

## ৩.২ প্রশাসনিক কাঠামো

### (ক) জনবল

প্রশাসনিক কাঠামোতে ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক (২ জন), উপ-পরিচালক (৪ জন) সহ মোট অনুমোদিত জনবল ৭৬ জন। বর্তমানে কর্মরত আছেন ৭২ জন, যাদের মধ্যে ১-১০ গ্রেডভুক্ত ২৪ জন ও ১১-২০ গ্রেডভুক্ত ৪৭ জন। শূন্য পদের সংখ্যা ০৪টি, যার মধ্যে ১-১০ গ্রেডের ০১ জন ও ১১-২০ গ্রেডের ০৩ জন।

| অনুমোদিত জনবল | | | | বিদ্যমান জনবল | | | | শূন্য পদের বিবরণ | | | | সর্বমোট জনবল | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **১ম শ্রেণি** | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | অনুমোদিত | কর্মরত | শূন্য |
| **২০** | **০৫** | **২৫** | **২৬** | **১৯** | **০৫** | **২১** | **২৬** | **০১** | **-** | **০৩** | **-** | **৭৬** | **৭২** | **০৪** |

## (খ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অর্গানোগ্রাম

**বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ**

সাংগঠনিক কাঠামো

### ব্যবস্থাপনা পরিচালক -৭৬

জনবল-৫
- ১x ব্যবস্থাপনা পরিচালক
- ১x কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী
- ১x গাড়ী চালক
- ২x এমএলএসএস

### পরিচালক (অর্থ ও প্রশাসন) -৪২

জনবল-৩
- ১x পরিচালক (অর্থ ও প্রশাসন))
- ১x কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী
- ১x এমএলএসএস

#### উপ-পরিচালক (সংগ্রহ) -৮

জনবল-৮
- ১x উপ পরিচালক (সংগ্রহ)
- ১x সহকারী পরিচালক (সংগ্রহ)
- ১x সহকারী পরিচালক (বিনিয়োগ)
- ৩x কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী
- ২x এমএলএসএস

#### উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) -৩১

জনবল-৩১
- ১x উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)
- ১x সহকারী পরিচালক (প্রশাসন)
- ১x জনসংযোগ কর্মকর্তা
- ১x হিসাব রক্ষণ কর্মকর্তা
- ১x হিসাব রক্ষক
- ১x লাইব্রেরিয়ান
- ১x স্টোর কিপার
- ৫x কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী
- ৩x গাড়ী চালক
- ১x রিসিপসনিস্ট
- ২x লিফট অপারেটর
- ১x পাম্প অপারেটর
- ২x ডেসপাস রাইডার
- ৩x এমএলএসএস
- ৪x গার্ড
- ৩x সুইপার
- ১x মালি

### পরিচালক (কারিগরি) -২৯

জনবল-৩
- ১x পরিচালক (টেকনিক্যাল)
- ১x কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী
- ১x এমএলএসএস

#### উপ-পরিচালক (পরিকল্পনা) -১১

জনবল-১১
- ১x উপ পরিচালক (পরিকল্পনা)
- ১x সহকারী প্রকৌশলী (সিভিল)
- ১x সহকারী প্রকৌশলী (ই/এম)
- ১x গবেষণা কর্মকর্তা
- ১x উপ সহকারী প্রকৌশলী (সিভিল)
- ১x উপ সহকারী প্রকৌশলী (ই/এম)
- ১x সার্ভেয়ার
- ২x কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী
- ২x এমএলএসএস

#### -১৫

জনবল-১১
- ১x উপ পরিচালক (ও এন্ড এম)
- ১x মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (আইটি)
- ১x এসিসটেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (আইটি)
- ১x সহকারী প্রকৌশলী (সিভিল)
- ১x সহকারী প্রকৌশলী (ই/এম)
- ১x গবেষণা কর্মকর্তা
- ১x উপ সহকারী প্রকৌশলী (সিভিল)
- ১x উপ সহকারী প্রকৌশলী (ই/এম)
- ৩x কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী
- ১x ইলেকট্রিশিয়ান
- ২x এমএলএসএস

## ৩.৩ ২০২৩-২৪ অর্থবছরে বাজেট বরাদ্দ ও ব্যয় (উন্নয়ন ও অনুন্নয়ন):

৩.৩.১ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত বাজেটে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি অর্থ ছাড়, ব্যয়ের পরিমান এবং ব্যয়ের হার:

(হাজার টাকায়)

| ক্রমিক | ২০২২-২৩ অর্থ বছরে সংশোধিত বাজেটে বরাদ্দ | ১ম, ২য়,৩য় ও ৪র্থ কিস্তিতে ছাড় পরিমান | ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়াটর ব্যয়ের পরিমান | ব্যয়ের হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ১৯,৫৩,৩০ | ১৯,৫৩,৩০ | ১৮,২৪,৯০ | ৯৩.৮২% | |

৩.৩.২ প্রকল্পসমূহের ২০২৩-২৪ অর্থ বছরের বাজেটে ১ম, ২য়,৩য় ও ৪র্থ কিস্তি অর্থ ছাড়, ব্যয়ের পরিমান এবং ব্যয়ের হার:

(হাজার টাকায়)

| ক্রমিক | ২০২২-২৩ অর্থ বছরে সংশোধিত বাজেটে বরাদ্দ | ১ম, ২য়,৩য় ও ৪র্থ কিস্তিতে ছাড় পরিমান | ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়াটর ব্যয়ের পরিমান | অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ৮৮৭.৫৫ | ৯০৮.৮৩ | ৮৮৩.০৯ | ৯৯.৫০% | |

৩.৩.৩ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এবং প্রকল্পসমূহের ২০২৩-২৪ অর্থ বছরের মোট ব্যয়ের পরিমান এবং ব্যয়ের হার:

(হাজার টাকায়)

| ক্রমিক | ২০২২-২৩ অর্থ বছরে সংশোধিত বাজেটে বরাদ্দ | মোট অর্থ ছাড় | মোট ব্যয়ের পরিমান | অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ৯০৭,০৮,৩০ | ৯২৮,৩৬,৮৯ | ৯০১,৩৩,৮৯ | ৯৬.৪৬% | |

## ৩.৪ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সম্পর্কিত আইন, বিধিমালা ও গাইডলাইন

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত আইন, বিধিমালা ও গাইডলাইন প্রণীত হয়েছে:

ক। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (সংশোধিত -২০১৪)
খ। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১
গ। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫
ঘ। বেসরকারি সফটওয়্যার টেকনোলজি পার্ক ঘোষণা সম্পর্কিত গাইডলাইন, ২০১৫
ঙ। ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮
চ। ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১৯

## ৩.৫ বার্ষিক কর্মসম্পদান চুক্তি

একটি কার্যকর, দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থার পরিপ্রেক্ষিতে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য ২০১৪-১৫ অর্থ-বছর হতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের মাধ্যমে বছরভিত্তিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু হয়েছে। পাঁচটি ঐচ্ছিক কৌশলগত উদ্দেশ্য (হাই-টেক শিল্পের প্রমোশন, অবকাঠামো তৈরি, মানবসম্পদ তৈরি, ওয়ান স্টপ সার্ভিস ও হাই-টেক শিল্পের গবেষনা) এবং পাঁচটি আব্যশিক কৌশলগত (যথা: শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন) উদ্দেশ্যকে বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মধ্যে প্রতিবছর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির আওতায় চারটি কৌশল গত উদ্দেশ্যকে বাস্তবায়নের জন্য বিভিন্ন কার্যক্রম গৃহীত হয়। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়ন করা হয়। সামগ্রিকভাবে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন হার ১০০%।

### ৩.৫.১ বার্ষিক কর্মসম্পদান চুক্তির উল্লেখযোগ্য অর্জন (২০২৩-২৪ অর্থ বছরের)

৩.৫.১ ক) আইটি পার্কসমূহের কার্যক্রম চালুকরণ

লক্ষ্যমাত্রা: ১ টি

০১। ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, নাটোর পার্কটি গত ১৮ অক্টোম্বর, ২০২৩ তারিখ উদ্বোধন হয়েছে। বর্তমানে পার্কটিতে ২ টি বিনিয়োগকারী প্রতিষ্ঠানকে বরাদ্দ প্রদান করা হয়েছে।

খ) ভূমি বরাদ্দ প্রদান

লক্ষ্যমাত্রা: ২ টি

- বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হতে ২০২৩-২০২৪ অর্থবছরে মোট ২ টি প্রতিষ্ঠানকে ভূমি বরাদ্দ প্রদান করা হয়েছে যথা:

১। হাই-টেক পার্ক, সিলেট;
২। হাই-টেক সিটি, কালিয়কৈর

ঘ) স্পেস/ ফ্লোর বরাদ্দ প্রদান

লক্ষমাত্রা: মোট ১০ টি

- বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হতে ২০২৩-২০২৪ অর্থবছরে মোট ১০ টি প্রতিষ্ঠানকে স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে। যথা:

১। আইটি বিজনেস ইনকিউবেটর, চুয়েট- ০২টি
২। সফটওয়্যার টেকনোলজি পার্ক, চট্টগ্রাম-০১টি
৩। হাই-টেক পার্ক, সিলেট -০১টি
৪। আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, কুয়েট- ০১টি
৫। হাই-টেক পার্ক, রাজশাহী-০৫টি

ঙ) স্টার্ট-আপ প্রতিষ্ঠানকে রেডি স্পেস বরাদ্দ প্রদান

লক্ষমাত্রা: মোট ৩০ টি

- বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হতে ২০২৩-২০২৪ অর্থবছরে মোট ৩২ টি প্রতিষ্ঠানকে স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে। যথা:

১। হাই-টেক পার্ক, রাজশাহী-১০টি
২। আইটি বিজনেস ইনকিউবেটর, চুয়েট- ১২টি
৩। আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, কুয়েট- ১০টি

চ) ইনোভেশন হাব

লক্ষমাত্রা: ২ টি

- বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীণ ডিজিটাল উদ্যোক্তা এবং উদ্ভাবন ইকো-সিস্টেম উন্নয়ন প্রকল্প হতে বিশ্ববিদ্যালয় ভিত্তিক ২ টি ইনোভেশন হাব নির্মাণ সম্পন্ন হয়েছে যথা:

১। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়;
২। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

ছ) ওয়ান স্টপ সার্ভিস পোর্টালে নতুন সেবা অন্তভূক্ত করণ

লক্ষমাত্রা: ২ টি

- বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরে ও এস এস এ নতুন ০২ টি সেবা সংযুক্ত করা হয়েছে, সেবাসমূহ:

১। Project Registration Cancellation;
২। Visa Recommendation Cancellation.

জ) আইটি/ আইটিইএস বিষয়ে প্রশিক্ষণ
লক্ষ্যমাত্রা: ৩০০০ জন

- বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার (৮ আইটি) জেলায় স্থাপন প্রকল্প হতে মোট ৩০০০ জনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যথা:

ঝ) প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)
লক্ষমাত্রা: ১ টি
হাই-টেক পার্ক, সিলেট
ঞ) সমাপ্ত প্রকল্পের যানবাহন জমাকরণ
লক্ষমাত্রা: ১ টি
হাই-টেক পার্ক, সিলেট প্রকল্পের যানবাহনে আইসিটি বিভাগের মাধ্যমে পরিবহন পুলে জমা প্রদান করা হয়েছে।

## ৩.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০২৩-২৪ অর্থবছরের অর্জন

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর প্রায় সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। নৈতিকতা কমিটির সভা এবং অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করা হয়েছে এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। চলতি অর্থবছরে কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিভিন্ন বিষয়ের ফোকাল কর্মকর্তা নির্ধারণপূর্বক তালিকা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের তথ্য বাতায়ন হালনাগাদকরণ, ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন ও চর্চা, অভিযোগ নিষ্পত্তিকরণ, সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য পরিচ্ছন্ন টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) চালু করা হয়েছে। সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের জন্য অভিযোগ/পরামর্শ বক্স চালু করা হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাধীন সকল প্রকল্পের অধিকাংশ ক্রয় প্রক্রিয়া ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে সম্পাদন করা হয়েছে। পার্ক পর্যায়ে দুর্নীতি প্রতিরোধে সেমিনার ও স্টেক হোল্ডারগণের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়েছে। বিশেষায়িত ল্যাব / ইনোভেশন হাব এর কার্যক্রম পরীবিক্ষণ করা হয়েছে।

## ৩.৭ মানবসম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ অবকাঠামো নির্মাণ

আইটি ইন্ডাস্ট্রির জনবলের চাহিদার দিক বিবেচনা করে আগামী ২০২৫ সালের মধ্যে ৫৫,০০০ (পঞ্চান্নো হাজার) এবং ২০৩১ সালের মধ্যে ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) তরুণ-তরুণীকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে কাজ করেছে। আইটি ইন্ডাস্ট্রির জনবলের চাহিদা বিবেচনা করে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক ৩৬,৫০৩ জনকে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইটি ইন্ডাস্ট্রি ও শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সেতু-বন্ধন তৈরি করছে। দক্ষ মানবসম্পদ তৈরী নিশ্চিত এবং গবেষণার সুযোগ তৈরির জন্য দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিশেষায়িত ল্যাব স্থাপন করেছে। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে এপর্যন্ত মোট ৩৩টি বিশেষায়িত ল্যাব স্থাপন করেছে। আইটি খাতে মানবসম্পদের চাহিদার পরিপ্রেক্ষিতে যোগান নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ নাটোরে ১টি 'আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার' ও রাজশাহীতে ১টি 'আইটি ইনকিউবেটর এন্ড ট্রেনিং সেন্টার' স্থাপন করেছে। আরো ৪৫টি স্থানে 'আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার' স্থাপনের কাজ চলমান রয়েছে। আরো ৩২টি জেলায় আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার' স্থাপনের জন্য ডিপিপি প্রণয়ন কাজ চলমান। নতুন উদ্যোক্তাগণ যাতে নতুন আইডিয়া বিকাশের মাধ্যমে সফল উদ্যোক্তা হয়ে উঠতে পারে সেজন্য চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইটি বিজনেস ইনকিউবেটর এবং খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন করা হয়েছে।

## ৩.৮ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর গুরুত্বপূর্ণ অর্জন :

০১) ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন এবং উচ্চ প্রযুক্তি সম্পন্ন হাই-টেক পার্ক এর অবকাঠামো নির্মাণে গুরুত্বপূর্ণ অবদান রাখায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ WITSA GLOBAL ICT EXCELLENCE AWARDS -2019 পুরস্কার অর্জন করে। ইতোমধ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ২০১৯ সালে ISO-9001:2015 সনদ অর্জন করেছে।

০২) নির্দেশনা অনুযায়ী ১১টি হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক/ আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার -এ ব্যবসায়িক কার্যক্রম পূর্ণোদ্যমে চলমান রয়েছে। দক্ষ মানবসম্পদ উন্নয়নের জন্য ৬৪ জেলায় আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন করা হচ্ছে। বর্তমানে ৩৩টি জেলায় আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের জন্য ৩টি প্রকল্প অনুমোদিত

হয়েছে। আরো ৩৪টি জেলায় আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের লক্ষ্যে প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তদুপরি ভারতীয় ঋণ সহায়তায় ১২টি জেলায় আইটি/হাই-টেক পার্ক স্থাপনের কার্যক্রম চলমান।

০৩) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর মাধ্যমে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে বর্তমানে সর্বমোট ১০৮ টি (সরকারি-৯২টি ও বেসরকারি-১৬টি) হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক/আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

০৪) এখন পর্যন্ত হাই-টেক পার্কসমূহে ২৩০টি প্রতিষ্ঠানকে স্পেস ও প্লট বরাদ্দ দেওয়া হয়েছে। এছাড়া ২০২৩-২৪ অর্থবছরে ৪৩টি সহ মোট ১৫১টি স্থানীয় স্টার্টআপ কোম্পানিকে বিনামূল্যে স্পেস/কো-ওয়ার্কিং স্পেস বরাদ্দ দেওয়া হয়েছে। সরকারি এবং বেসরকারি পার্কে ৫৩,৬৫৪ জনের অধিক প্রত্যক্ষ কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

০৫) ১১৯ টি আইটি/আইটিইএস প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে Company Certification [CMMIL-III ও CMMIL-V (Capability Maturity Model Integration Level), ISO-৯০০১,২৭০০১ ইত্যাদি] প্রাপ্তিতে সহায়তা প্রদান করা হয়েছে।

০৬) ৪র্থ শিল্প বিপ্লবের প্রতিযোগিতা মোকাবেলায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আইওটি, রোবোটিক্স, সাইবার সিকিউরিটিসহ উচ্চপ্রযুক্তির ৩৩টি বিশেষায়িত ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়া ইনোভেশন ইকোসিস্টেম গড়ে তোলার লক্ষ্যে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২টি আইটি বিজনেস ইনকিউবেটর স্থাপন করা হয়েছে।

০৭) গবেষণা ও উন্নয়নের জন্য বিশ্বমানের পরিবেশ এবং ভবিষ্যতের জন্য দক্ষ মানবসম্পদ তৈরি করার লক্ষ্যে মাদারীপুরের শিবচরে " ইনস্টিটিউট অব ফ্রনটিয়ার টেকনোলজি" নামে বিশেষায়িত ইনস্টিটিউট প্রতিষ্ঠার কাজ শুরু হয়েছে।

০৮) আইটি ইন্ডাস্ট্রির দক্ষ জনবলের চাহিদা বিবেচনা করে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক ৪১০০০ এর অধিক জনকে বিভিন্ন আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এর মধ্যে ২০২৩-২৪ অর্থবছরে ৫০০০ এর অধিক জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আরো ৪০,০০০ জনকে প্রশিক্ষণ প্রদানের কাজ চলমান রয়েছে।

০৯) বিনিয়োগকারীগণকে দ্রুত ও সর্বোত্তম সেবা নিশ্চিত করতে অতি সহজে, অল্প সময়ে ও কম খরচে সেবা প্রদান করার লক্ষ্যে ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে মোট ১৪৮টি সেবা প্রদান করা হচ্ছে। এর মধ্যে ৯০টি সেবা অনলাইনে প্রদান করা হচ্ছে।

১০) ২০১৬ হতে ২০২৩ পর্যন্ত বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর অধীন অপারেশনাল হাই-টেক পার্কসমূহে মোট বিনিয়োগ হয়েছে ২১৫০ কোটি টাকা।

## ৩.৯ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা/প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ

| প্রতিশ্রুতি/নির্দেশনা | প্রতিশ্রুতি/ নির্দেশনার তারিখ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | | |
| গাজীপুর জেলার কালিয়াকৈর এ ২৩২ একর জমিতে একটি হাই-টেক পার্ক স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৭.০৬.১৯৯৯ (বিনিয়োগ বোর্ডের ১২তম সভায়) | কালিয়াকৈর ৩৭০ একর জমিতে গড়ে ওঠা হাই-টেক সিটি, দেশের প্রথম হাই-টেক পার্ক। পার্কটিতে ইতোমধ্যে ৯৪টি কোম্পানিকে স্পেস/ফ্লোর বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত কোম্পানীর মধ্যে ৩০টি কোম্পানী তাদের ব্যবসায়িক কার্যক্রম শুরু করেছে তন্মধ্যে-<br>✓ ১টি প্রতিষ্ঠান IoT ডিভাইস তৈরি করেছে<br>✓ ১টি প্রতিষ্ঠান Kiosk মেশিন তৈরি করছে<br>✓ বিশ্বখ্যাত নোকিয়া কোম্পানীর মোবাইল উৎপাদিত হচ্ছে।<br>✓ ৩টি প্রতিষ্ঠান অপটিক্যাল ফাইবার তৈরি করছে (OFS, LEO, KEMAN)<br>✓ Excel নামীয় ১টি কোম্পানী HIK Vision IP ক্যামেরা তৈরি করছে। |

| প্রতিশ্রুতি/নির্দেশনা | প্রতিশ্রুতি/ নির্দেশনার তারিখ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | | ✓ অরিক্স বায়োটেক লি: কোম্পানী মানব দেহের জন্য প্রয়োজনীয় প্লাজমা উৎপাদন করবে।<br>✓ ফেয়ার টেকনোলজি লিঃ হুন্দাই গাড়ি এসেম্বল করছে।<br>✓ Data Topan নামীয় জাপানিজ কোম্পানী বাংলাদেশে স্মার্ট কার্ড প্রস্তুত করবে।<br>✓ Sonar Bangla প্রতিষ্ঠানটি দেশে কিডনী ডায়ালাইসিস মেশিন এ্যাসেম্বলিং করছে।<br>এ ছাড়াও, জমি বরাদ্দ গ্রহনকারী প্রতিষ্ঠানগুলোর অবকাঠামো নির্মাণের কাজ চলমান। |
| দেশের সুষম উন্নয়ন নিশ্চিতকল্পে যশোরে একটি সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপনের ঘোষণা দেন। | ২৭.১২.২০১০ [মাননীয় প্রধানমন্ত্রীর যশোর সফরকালে] | যশোর জেলায় ১২.১৩ একর জমির উপর সফটওয়্যার টেকনোলজি পার্ক নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। পার্কটিতে ইতোমধ্যে ৫৯টি আইটি কোম্পানীকে স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে। কোম্পানীগুলোতে ২৫০০+ জনবলের কর্মসংস্থান হয়েছে। গত ১০-১২-২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী পার্কটি উদ্বোধন করেছেন। পার্কটিতে ১২টি স্টার্টআপকে স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে। |
| দেশে সফটওয়্যার শিল্পের উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে কারওয়ানবাজারে অবস্থিত জনতা টাওয়ারকে সফটওয়্যার টেকনোলজি পার্কে রূপান্তরের ঘোষণা দেন। | ৩.০৮.২০১০ [মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের ১ম সভা] | ঢাকার কারওয়ান বাজারস্থ সফটওয়্যার টেকনোলজি পার্কে ১২টি স্টার্টআপ কোম্পানীকে বিনা ভাড়ায় স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে। বর্তমানে ১৯টি আইটি/আইটিইএস কোম্পানী ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করছে। |
| রাজশাহীতে একটি আইটি ভিলেজ স্থাপনের ঘোষণা দেন। | ২৪.১১.২০১১ [মাননীয় প্রধানমন্ত্রী রাজশাহী জেলার হাফেজিয়া মাদ্রাসা মাঠে বক্তব্য প্রদানের সময়] | (ক) বিভাগীয় শহর রাজশাহীতে ‘হাই-টেক পার্ক’ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ১২/১২/২০২২ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী পার্কটির উদ্বোধন করেছেন। পার্কটি সিলিকন টাওয়ারে ইতোমধ্যে ২৭টি কোম্পানীকে স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ২টি কোম্পানীকে জমি বরাদ্দ প্রদান করা হয়েছে। ৩৩টি স্টার্টআপ কোম্পনীকে স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে।<br>(খ) হাই-টেক পার্ক’ রাজশাহীর অভ্যন্তরে ৫তলা বিশিষ্ট ১টি আইটি ইনকিউবেশন এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণ (৭২ হাজার বর্গফুট) সমাপ্ত হয়েছে, মাননীয় প্রধানমন্ত্রী গত ১২/০২/২০২০ তারিখে এটি উদ্বোধন করেছেন। সেখানে ৮টি আইটি কোম্পানী কাজ করছে এবং ৪টি স্টার্টআপ প্রতিষ্ঠানকে স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রতিষ্ঠানসমূহ তাদের ব্যবসায়িক কার্যক্রম শুরু করেছে। |
| ফেনী জেলায় হাই-টেক পার্ক স্থাপনের প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষাক্রমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার এবং পদ্মা সেতুর প্রান্ত সংলগ্ন শরীয়তপুর জেলার জাজিরায় একটি হাই-টেক পার্ক স্থাপনের উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | জেলা প্রশাসক সম্মেলন-২০১৫ | ক) ফেনী জেলা ভূমি অধিগ্রহণের বাবদ টাকা পরিশোধের জন্য জেলা প্রশাসক, ফেনী বরাবর প্রেরণ করা হয়েছে। এবং ফেনী সাইটের ঠিকাদারে প্রতিষ্ঠান সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে এবং নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>খ) শরিয়তপুর জেলায় একটি আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের লক্ষ্যে জেলা প্রশাসন থেকে সদর উপজেলার হাজরাসার মৌজায় ৫.০০ একর জমির প্রস্তাব পাওয়া গেছে। আইসিটি প্রতিমন্ত্রীর মৌখিক নির্দেশনামতে ৫.০ একরের মধ্যে থেকে ২.০ একর জমির প্রস্তাব প্রেরণের জন্য জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার (১৩ আইটি) স্থাপন প্রকল্পের আওতায় বর্ণিত জেলা অন্তর্ভুক্ত রয়েছে। এ বিষয়ে প্রস্তাবিত ডিপিপি চূড়ান্তকরণ প্রক্রিয়াধীন রয়েছে। |

| প্রতিশ্রুতি/নির্দেশনা | প্রতিশ্রুতি/ নির্দেশনার তারিখ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| নীলফামারী জেলায় বিজেএমসি' ররিজিউমকৃত জায়গায় হাই-টেক পার্ক স্থাপনের জন্য বিনামূল্যে জমি প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের সঙ্গে সভা করে উদ্ভুত সমস্যাটি নিরসনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক সম্মেলন-২০১৭ | নীলফামারী জেলায় ২.০০ একর জমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক প্রেরিত প্রাক্কলণের মধ্যে ১২.৫৭ (বার কোটি সাতান্ন লক্ষ) টাকার মধ্যে ২ (দুই কোটি) টাকা জেলা প্রশাসক নীলফামারী বরাবর প্রদান করা হয়েছে। অবশিষ্ট ১০.৫৭ (দশ কোটি সাতান্ন লক্ষ) টাকা আগামী অর্থ বছরে ১২০ কর্ম দিবসের মধ্যে প্রদান করা হবে। দরপত্র মূল্যায়ণ প্রক্রিয়াধীন রয়েছে। |
| গত ২৯/০৩/২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ঠাকুরগাঁও জেলা সফরকালে উক্ত জেলায় একটি আইটি পার্ক স্থাপনের প্রতিশ্রুতি প্রদান করেন। | ২৯/০৩/২০১৮ | আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের লক্ষ্যে ঠাকুরগাঁও সদর উপজেলার শিংপাড়া মৌজায় ২.১৮ একর জমি বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অনুকূলে দীর্ঘমেয়াদি বন্দোবস্ত পাওয়া গেছে। বর্তমানে নির্মাণ কাজ চলমান আছে। |
| আইসিটি ব্যবহারের মাধ্যমে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দেশের প্রতিটি বিভাগে হাই-টেক পার্ক স্থাপন করতে হবে এবং পরবর্তীতে প্রতিটি জেলায় পর্যায়ক্রমে হাই-টেক পার্ক স্থাপন করতে হবে। | ১৫.০৩.২০১৫ | বিভাগীয় শহরসহ জেলা/উপজেলা পর্যায়ে হাই-টেক পার্ক স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং নির্মান কাজ চলমান আছে। |
| নীলফামারী জেলায় বিজেএমসি' ররিজিউমকৃত জায়গায় হাই-টেক পার্ক স্থাপনের জন্য বিনামূল্যে জমি প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের সঙ্গে সভা করে উদ্ভুত সমস্যাটি নিরসনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক সম্মেলন-২০১৭ | গত ২৫/১১/২০২০ ইং তারিখে নীলফামারী জেলায় ২.০০ একর জমি অধিগ্রহণের জন্য পূর্ণাঙ্গ চূড়ান্ত প্রস্তাব জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে। ২.০০ একর জমি অধিগ্রহণের কার্যক্রম সম্পন্ন হয়েছে। জেলা প্রশাসকের কার্যালয় হতে জমির মূল্য ৫.৪৯ কোটি টাকা পরিশোধের জন্য অনুরোধ জানানো হ্যয়েছে। |
| গত ২৯/০৩/২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ঠাকুরগাঁও জেলা সফরকালে উক্ত জেলায় একটি আইটি পার্ক স্থাপনের প্রতিশ্রুতি প্রদান করেন। | ২৯/০৩/২০১৮ | আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের লক্ষ্যে ঠাকুরগাঁও সদর উপজেলার শিংপাড়া মৌজায় ২.১৮ একর জমি দীর্ঘমেয়াদি বন্দোবস্ত প্রদানের জন্য জেলা প্রশাসক এর কার্যালয় হতে ১১ আগস্ট ২০২২ তারিখ ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত জমিতে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সার্ভে কার্যক্রম সম্পন্ন হয়েছে। গত ১৩/১০/২০২২ তারিখ পরিবেশগত অনাপত্তির জন্য চাহিত তথ্যাদি প্রেরন করা হয়েছে। |

### ৩.১০ ই-ফাইলিং বাস্তবায়ন

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের দৈনন্দিন দাপ্তরিক প্রায় সকল কার্যক্রম ডি-ফাইলিং সিস্টেমের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। ২০২৩-২৪ অর্থবছরে ডি ফাইলে নথি নিষ্পন্ন করণের হার ৮৬.১৬%।

## ৩.১১ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সংক্ষিপ্ত বিবরণ

### ৩.১১.১ "হাই-টেক পার্ক, রাজশাহী" শীর্ষক প্রকল্প:

#### ক) প্রকল্পের পরিচিতি:

| মেয়াদ | জুলাই,২০১৬ হতে ডিসেম্বর, ২০২৩ খ্রি: | |
|---|---|---|
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস | পরিমাণ |
| | জিওবি | ৩৩৫৫০.৭৪ লক্ষ টাকা (২য় সংশোধিত) |

#### (খ) লক্ষ্য ও উদ্দেশ্য:

- রাজশাহীতে জ্ঞানভিত্তিক আইটি ইন্ডাস্ট্রি স্থাপন করা।
- দেশী বিদেশী বিনিয়োগকারীগণকে আকৃষ্টকরণের নিমিত্ত ব্যবসায়িক পরিবেশ সৃষ্টি করা।
- নতুন আইটি উদ্যোক্তাদের সুযোগ সৃষ্টি করে দেয়া।

- কর্মসংস্থানের সৃষ্টি করা।

**(গ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:**

- ২টি বেজমেন্টসহ ১০-তলা বিশিষ্ট সিলিকন টাওয়ার (মাল্টি পারপাস ভবন-এমপিবি)-এর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। গত ১২ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী সিলিকন টাওয়ার-এর শুভ উদ্বোধন করেন।
- সিলিকন টাওয়ার-এর ২য় তলায় ডিজিটাল মিউজিয়াম স্থাপিত হয়েছে। গত ১২ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ডিজিটাল মিউজিয়াম উদ্বোধনের পরে গত ১৩/০১/২০২৩ খ্রি. তারিখে এটি উন্মুক্ত করা হয়েছে।
- সিলিকন টাওয়ার-এর অডিটোরিয়াম অংশের ৩য় তলায় সিনেপ্লেক্স স্থাপিত হয়েছে। গত ১২ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সিনেপ্লেক্সর- এর শুভ উদ্বোধন করেন। উদ্বোধনের পরে গত ১৩/০১/২০২৩ খ্রি. তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রী মহোদয় সিনেপ্লেক্সের শো উদ্বোধন করেছেন।
- সিলিকন টাওয়ারের গ্রাউন্ডফ্লোর, ২য় তলা, ৩য় তলা, ৯ম তলা (স্টার্টআপ ফ্লোর), রুফটপ ও অডিটোরিয়াম-এর ইন্টেরিয়র ডেকোরেশন কাজের কার্পেট, পেইন্ট, ফিনিশিং সংক্রান্ত কাজসমূহ শেষ পর্যায়ে রয়েছে। স্টার্ট-আপ ফ্লোরের গ্লাস, ডেকো ও ফার্নিচার সংক্রান্ত কাজসমূহ সম্পন্ন হয়েছে।
- নেটওয়ার্কিং, সার্ভার মেশিনারি, ইকুইপমেন্টস, বিল্ডিং ম্যানেজমেন্ট সিস্টেম- সংক্রান্ত কাজের কেবল কানেকশন, নেটওয়ার্কিং, সিকিউরিটি রুম, সার্ভার রুম স্থাপন সংক্রান্ত কার্যক্রম কার্যক্রম সম্পন্ন হয়েছে। মসজিদ, ওয়াক-ওয়ে, সিকিউরিটি পোস্ট, ইনকিউবেশন সেন্টারে পানি সরবরাহ কাজের প্রায় ৯০% সম্পন্ন হয়েছে।
- প্রকল্প এলাকার সম্পূর্ণ এরিয়া লাইটিং এবং হাই-মাস পোল লাইট ও রিটেইনিং-ওয়াল লাইট সংক্রান্ত কাজের বৈদ্যুতিক সংযোগের কাজসমূহ সম্পন্ন হয়েছে। এরিয়া লাইটিং পোল, হাই-মাস পোল ও তৎসংশ্লিষ্ট লাইটসমূহ স্থাপিত হয়েছে।
- বাউন্ডারি-ওয়াল (ভূমি অধিগ্রহণ অংশে) গার্ড ব্যারাকের ২য় তলা, একটি প্রবেশ গেটসহ কন্ট্রোলরুম, সীমানা প্রাচীরে স্লোপ এরোসন ব্লক প্রোটেকশন সংক্রান্ত কাজের গার্ড ব্যারাকের ২য় তলা নির্মাণ সম্পন্ন হয়েছে। এছাড়াও, একটি প্রবেশ গেট নির্মাণের কন্ট্রোলরুম নির্মাণ সম্পন্ন রয়েছে। এরোসন ব্লক স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। ভূমি অধিগ্রহণ সম্পন্নের পরে সংশ্লিষ্ট অংশের বাউন্ডারি-ওয়াল নির্মাণ সম্পন্ন হবে। প্যাকেজের প্রায় ৭৫% কাজ সম্পন্ন হয়েছে।
- সিলিকন টাওয়ারে HVAC সিস্টেম সরবরাহ ও সংস্থাপন কাজের উদ্যোক্তা ফ্লোরের জোনিং/বিভাজন অনুযায়ী HVAC System-এর ইনডোর-আউটডোর ইউনিট স্থাপন এবং তৎসংশ্লিষ্ট ডাক্টিং সংক্রান্ত কাজসমূহ সম্পন্ন হয়েছে। এ প্যাকেজের সকল কাজ সম্পন্ন হয়েছে।
- ০৪ (চার) টি প্যাসেঞ্জার লিফ্ট (Lift) স্থাপন সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে।
- অভ্যন্তরীণ প্রশিক্ষণের আওতায় ১৪ লটের মাধ্যমে ২৮টি বিষয়ে প্রায় ১৩০০ জনকে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ২৬টি বিষয়ে প্রায় ১১৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




**প্রকল্পের মাস্টারপ্ল্যান (ত্রিমাত্রিক)**




সিলিকন টাওয়ার (মাল্টি পারপাস ভবন-এমপিবি)



সিলিকন টাওয়ার (মাল্টি পারপাস ভবন-এমপিবি)



সিলিকন টাওয়ারে ইন্টেরিয়র ডেকোরেশন, এসি, গ্লাস ফিটিং



২৫০০ কেভিএ, ১১/০.৪১৫ কেভি সাব-স্টেশন



অভ্যন্তরীণ রাস্তা, স্যুয়ারেজ ড্রেন, কমন ইউটিলিটি-ডাক্ট



প্রবেশ গেট




১০ এমভিএ, ৩৩/১১ কেভি গ্রিড সাব-স্টেশন



প্রকল্প এলাকায় বৃক্ষরোপণ

## ৩.১১.২ “আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার স্থাপন (২য় সংশোধিত)” প্রকল্প।

### (ক) প্রকল্পের পরিচিতি:

| নাম | ‘‘আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন (২য় সংশোধিত)" প্রকল্প | |
|---|---|---|
| মেয়াদ | ০১/০১/২০১৭ হতে ৩০/০৬/ ২০২৪ পর্যন্ত | |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস | পরিমান |
| | জিওবি | ৫৩৩.৫৫ কোটি টাকা (২য় সংশোধিত) |

### (খ) লক্ষ্য ও উদ্দেশ্য:

- এস.এস.সি ও এইচ.এস.সি পর্যায়ে ছাত্র-ছাত্রীদের আইটিতে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন;
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে উদ্যোক্তা তৈরিতে সহায়তা করা;
- একাডেমিয়া এবং আইটি ইন্ডাস্ট্রির মধ্যে সেতুবন্ধন প্রতিষ্ঠা করা, আইটি/আইটি সম্পর্কিত খাতে বাংলাদেশের যুব সমাজের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।


### (গ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:

**নাটোর (সিংড়া) প্রকল্পের অগ্রগতি:**

- ৩৬০০০ বর্গফুট বিশিষ্ট ৬ তলা আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।
- ক্যান্টিন ভবনসহ বাউন্ডারী ওয়াল, অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।
- অভ্যন্তরীণ ড্রেনেজ ব্যবস্থা ও ওয়াকওয়ে নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।
- সাব-ষ্টেশন, জেনারেটর সরবরাহ ও স্থাপন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।
- নলকূপ স্থাপন এবং অভ্যন্তরীণ পানি সরবরাহ ব্যবস্থা নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।
- ইলেক্ট্রোমেকানিক্যাল কাজ সম্পন্ন হয়েছে।
- লিফটের কাজ সম্পন্ন হয়েছে



বরিশালে নির্মিত ভবন



মাগুরায় নির্মাণাধীন ভবন



সিলেটে নির্মাণাধীন ভবন



কুমিল্লায় নির্মাণাধীন ভবন




নাটোরে নির্মাণাধীনভবন



নেত্রকোনায় নির্মাণাধীন ভবন



রংপুরে নির্মাণাধীন ভবন



চট্রগ্রামে নির্মাণাধীন ভবন

## ৩.১১.৩ জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২টি জেলায়) (১ম সংশোধিত) প্রকল্প

### (ক) প্রকল্পের পরিচিতি:

| | | |
|---|---|---|
| নাম | "জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২ টি জেলায়) (১ম সংশোধিত)" প্রকল্প | |
| মেয়াদ | ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত **[ প্রস্তাবিত ২য় সংশোধিত: ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন, ২০২৭ পর্যন্ত (প্রকল্পের ২য় সংশোধনীর বিষয়টি একনেক কর্তৃক অনুমোদনের অপেক্ষমাণ রয়েছে)।]** | |
| প্রাক্কলিত ব্যয় | জিওবি: ৩০২.০৯ কোটি টাকা | জিওবি: ৩০২.০৯ কোটি টাকা |
| | প্রকল্প সাহায্য: ১৫৪৪.০০ কোটি টাকা (ভারতীয় নমনীয় ঋণ) | প্রকল্প সাহায্য: ১৫৪৪.০০ কোটি টাকা (ভারতীয় নমনীয় ঋণ) |
| | মোট: ১৮৪৬.০৯ কোটি টাকা | মোট: ১৮৪৬.০৯ কোটি টাকা |
| | জিওবি: ৩০২.০৯ কোটি টাকা | জিওবি: ৩০২.০৯ কোটি টাকা |

### (খ) লক্ষ্য ও উদ্দেশ্য:

- আইটি পার্কের অবকাঠামো স্থাপন।
- মানব সম্পদ উন্নয়ন।
- বাংলাদেশের আইটি/ আইটিইএস শিল্পের বিকাশ ও উন্নয়নের জন্য স্থানীয় ও বৈদেশিক কোম্পানিকে আকৃষ্টকরণ।

আইটি আইটিইএস/বিজনেস প্রোসেস আউটসোর্সিং (বিপিও) হাব তৈরি এবং কর্মসংস্থান সৃষ্টি।

### (গ) প্রকল্পের আওতায় নির্মিতব্য স্থাপনাসমূহঃ

ক) প্রকল্পের প্যাকেজ: WD-A-এ (রংপুর, নাটোর, ময়মনসিংহ, জামালপুর), প্যাকেজ: WD-B-এ (খুলনা, বরিশাল, গোপালগঞ্জ, ঢাকা, কেরানীগঞ্জ) সহ ৮ টি জেলায় ৭ তলা এবং প্যাকেজ: WD-C-এ কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার (রামু) সিলেট (কোম্পানীগঞ্জ) ৪ টি জেলায় ৫ তলা বিশিষ্ট মাল্টিটেনেন্ট ভবন নির্মাণ (স্টিল স্ট্রাকচার)

খ) প্রকল্পের আওতায় ৩টি জেলায় (নাটোর, রংপুর ও কক্সবাজার) ৩ তলা বিশিষ্ট ডরমিটরি ভবন (আরসিসি স্ট্রাকচার) নির্মাণ ।

গ) প্রকল্পের আওতায় ৬টি জেলায় (নাটোর, রংপুর, গোপালগঞ্জ, চট্টগ্রাম,খুলনা ও ঢাকা) সিনেপ্লেক্স ভবন নির্মাণ ।

### (ঘ) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিঃ

ক). প্রকল্পের প্যাকেজ WD-A-এর (রংপুর, নাটোর, ময়মনসিংহ, জামালপুর) আওতাধীন আইটি/হাই-টেক পার্ক নির্মাণের কাজ বর্তমানে পুরোদমে চলমান রয়েছে।

খ). প্রকল্পের প্যাকেজ WD-B-এর (খুলনা, বরিশাল, গোপালগঞ্জ, ঢাকা, কেরানীগঞ্জ) আওতাধীন আইটি/হাই-টেক পার্ক নির্মাণের কাজ বর্তমানে পুরোদমে চলমান রয়েছে।

গ). প্রকল্পের প্যাকেজ WD-C এর (চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, সিলেট) আওতাধীন আইটি/হাই-টেক পার্ক নির্মাণের কাজ বর্তমানে পুরোদমে চলমান রয়েছে।

ঘ). ঢাকা কেরানীগঞ্জে সিনেপ্লেক্স নির্মাণ কাজ চলমান। নাটোর সিনেপ্লেক্সের জমি প্রাপ্তি প্রক্রিয়াধীন। জমি প্রাপ্তির পর নির্মাণ কাজ শুরু হবে। রংপুরের সিনেপ্লেক্সের জমিতে বালি ভরাটের কাজ চলমান। প্রকল্পের জুন ২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৩.৯২% এবং বাস্তব অগ্রগতি ৩৬.০০

## আইটি/হাই-টেক পার্ক নির্মাণ কাজের তথ্যচিত্রসমূহ:

**‘আইটি/হাই-টেক পার্ক, ময়মনসিংহ’-এর চলমান নির্মাণ কাজের তথ্যচিত্রসমূহ:**





**‘আইটি/হাই-টেক পার্ক, জামালপুর’-এর চলমান নির্মাণ কাজের তথ্যচিত্রসমূহ:**






**‘আইটি/হাই-টেক পার্ক, ঢাকা’ কেরাণীগঞ্জ-এর চলমান নির্মাণ কাজের তথ্যচিত্রসমূহ:**







**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নলেজ পার্ক’ গোপালগঞ্জ নির্মাণ কাজের তথ্যচিত্রসমূহ:**





**‘আইটি/হাই-টেক পার্ক, খুলনা’-এর চলমান নির্মাণ কাজের তথ্যচিত্রসমূহ:**







**‘আইটি/হাই-টেক পার্ক, বরিশাল’-এর চলমান নির্মাণ কাজের তথ্যচিত্রসমূহ:**





**‘নলেজ পার্ক, চট্টগ্রাম’এর চলমান নির্মাণ কাজের তথ্যচিত্রসমূহ:**






**‘নলেজ পার্ক, কক্সবাজার’এর চলমান নির্মাণ কাজের তথ্যচিত্রসমূহ:**






**‘নলেজ পার্ক, সিলেট’ এর নির্মাণ কাজের তথ্যচিত্রঃ**





**‘নলেজ পার্ক, কুমিল্লা’-এর নির্মাণ কাজের তথ্যচিত্রঃ**

<table>
<tr><td>নাম</td><td colspan="2">হাই-টেক সিটি-২ এর সহায়ক অবকাঠামো নির্মাণ (২য় সংশোধিত) প্রকল্প</td></tr>
<tr><td>মেয়াদ</td><td colspan="2">জুলাই ২০১৯ খ্রিঃ হতে জুন ২০২৫ খ্রিঃ</td></tr>
<tr><td rowspan="2">প্রাক্কলিত ব্যয়</td><td>অর্থের উৎস</td><td>পরিমান</td></tr>
<tr><td>জিওবি</td><td>৪৩১৭৮.০১ (লক্ষ টাকা)</td></tr>
</table>

### (খ) লক্ষ্য ও উদ্দেশ্য:

- কালিয়াকৈরস্থ হাই-টেক সিটি-২ এর জমিতে হাই-টেক শিল্প গড়ে তোলার লক্ষ্যে সহায়ক প্রাথমিক অবকাঠামো যেমন অভ্যন্তরীণ রাস্তা,ভূমি উন্নয়ন, বিদ্যুৎ, ইন্টারনেট এবং গ্যাস সংযোগ ইত্যাদি অবকাঠামো নির্মাণ।
- দেশী/ বিদেশী প্রতিষ্ঠানকে বিনিয়োগে আকৃষ্ট করা।
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

### (গ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:

- আনসার ব্যারাক নির্মাণ কাজের বাস্তব অগ্রগতি প্রায় ৯০%।
- ডরমেটরি ভবন নির্মাণ কাজের বাস্তব অগ্রগতি প্রায় ৯০%।
- সাব-স্টেশন-৩ নির্মাণ কাজের বাস্তব অগ্রগতি প্রায় ৭৫%।
- লেক উন্নয়ন (৯৭ একর) কাজের বাস্তব অগ্রগতি প্রায় ৬০%।
- পানি সরবরাহ কাজের বাস্তব অগ্রগতি প্রায় ৮০%।
- সেবা ভবনের ইন্টেরিয়র ডেকোরেশন ১০০%।
- ল্যান্ড স্কেপিং এবং প্ল্যানটেশন কাজের বাস্তব অগ্রগতি ৯০%।
- স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট কাজের বাস্তব অগ্রগতি ৩৫%।
- ব্রিজ লাইটিং কাজের বাস্তব অগ্রগতি ১০০%।
- ড্রেনেজ কার্যাবলী কাজের বাস্তব অগ্রগতি ৩০%।
- অভ্যন্তরীণ রাস্তা (ব্লক-৪, ৪-এর এ এবং ৭) ও কালভার্ট নির্মাণ কাজের অগ্রগতি ৩০।



প্রকল্পের ভুমি উন্নয়ন



অভ্যন্তরীন রাস্তা নির্মাণ




অভ্যন্তরীন ড্রেনেজ ব্যবস্থা



সেবা ভবন নির্মাণ




৩৩/১১ কেভি সাব-স্টেশন নির্মাণ




রেল লাইনের দুই পার্শ্বে বাউন্ডারি ও প্রটেকশন ওয়াল নির্মাণ



ডরমেটরি ভবন নির্মাণের চলমান কাজ সমূহ



৭০ মিটার প্রি-স্ট্রেজড ব্রিজ নির্মাণ

| | |
|---|---|
|  |  |
| ব্রিজ লাইটিং কাজের বাস্তব অবস্থা। | আনসার ব্যারাক নির্মাণ কাজের বাস্তব অবস্থা |
|  |  |
| ইন্টেরিয়র ডিজাইন এন্ড ডেকোরেশন অফ কনফারেন্স রুম | লেক উন্নয়ন (৯৭ একর) কাজের বাস্তব অবস্থা। |





অভ্যন্তরীণ রাস্তা (ব্লক-৪, ৪-এর এ এবং ৭) কাজের অবস্থা। সাব-স্টেশন-৩





স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট কাজের বাস্তব অবস্থা।

## ৩.১১.৫ "আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার স্থাপন (১১টি)" শীর্ষক প্রকল্প

### (ক) প্রকল্পের পরিচিতি:

| নাম | "আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার স্থাপন (১১টি)" শীর্ষক প্রকল্প | |
|---|---|---|
| মেয়াদ | ১ জুলাই, ২০২০ থেকে ৩০ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ | |
| প্রাক্কলিত ব্যয় | **আর্থিক উৎস** | **পরিমাণ** |
| | জিওবি | ৮৩৭১৮.৪৭ লক্ষ টাকা |

### (খ) লক্ষ্য ও উদ্দেশ্য

- ন্যূনতম এস.এস.সি/সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের আইটিতে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা;
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে উদ্যোক্তা তৈরিতে সহায়তা করা;
- স্টার্ট-আপদের সহায়তা প্রদান;
- আইটি/আইটি সেক্টরে যুব সমাজের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে সহায়তা করা।

### (গ) জয়পুরহাট প্রকল্পের বর্তমান অগ্রগতিঃ

- প্রকল্প এলাকায় ভূমি উন্নয়নের কাজ ৯৪% সম্পন্ন হয়েছে।
- বাউন্ডারি রিটেইনিং ওয়াল এর কাজ ৯০% সম্পন্ন হয়েছে, বাকী কাজ চলমান রয়েছে।
- মূল ভবনের ৬ষ্ঠ তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে।
- ক্যান্টিন এবং অডিটোরিয়াম এর ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে।
- মূল ভবনের ফ্যাসাদের R.C.C ফ্রেম ও ফেয়ার ফেজ এর কাজ সম্পন্ন হয়েছে। গ্রিলের এর কাজ চলমান।
- ওয়াটার রিজার্ভার, সেইফটি ট্যাংক এবং ওভার হেড ট্যাংক এর ঢালাই সম্পন্ন হয়েছে।
- সাব-স্টেশন ভবনের ছাদ ঢালাইয় সম্পন্ন হয়েছে।
- গভীর নলকূপ স্থাপনের জন্য টেস্ট টিউবওয়েল সম্পূর্ণ হয়েছে। মেইন টিউবওয়েল এর কাজ চলমান।
- মূল ভবনে ব্রিকের গাঁথুনির কাজ সম্পুন্ন হয়েছে এবং সেনেটারী কাজ এর জন্য গ্রুপ করা হয়েছে।
- বক্স কালভার্ট এর কাজ সম্পূর্ণ হয়েছে।
- প্যারাবোলিক ছাদ ঢালাইয়ের কাজ সম্পন্ন হয়েছে।
- R.C.C ইন্টারনাল রোড এর কাজ চলমান।
- প্লাস্টার এবং গাথুনির কাজ সম্পন্ন হয়েছে।
- মেইন গেটের কাজ চলমান।





### (ঘ) মেহেরপুর প্রকল্পের বর্তমান অগ্রগতিঃ

- ভূমি উন্নয়ন ৯৫% সম্পন্ন হয়েছে।
- বাউন্ডারি রিটেইনিং ওয়াল এর কাজ ৯২% সম্পন্ন হয়েছে, বাকী কাজ চলমান রয়েছে।
- মূল ভবনের ৬ষ্ঠ তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে।
- ক্যান্টিন এবং অডিটোরিয়াম এর ছাদ ঢালাইের এর কাজ সম্পন্ন হয়েছে।
- মূল ভবনের ফ্যাসাদের R.C.C ফ্রেমের কাজ সম্পন্ন হয়েছে।
- ফ্যাসাদের ফেয়ার ফেজ ও গ্রিলের এর কাজ চলমান।
- ওয়াটার রিজার্ভার, সেইফটি ট্যাংক সম্পন্ন হয়েছে।
- সাব-স্টেশন ভবনের ছাদ ঢালাইয় সম্পন্ন হয়েছে।
- গভীর নলকূপ স্থাপনের জন্য টেস্ট টিউবওয়েল এবং মেইন টিউবওয়েল এর কাজ সম্পূর্ণ হয়েছে।
- মূল ভবনে প্লাস্টার এবং ব্রিকের গাঁথুনির কাজ সম্পুন্ন হয়েছে এবং সেনেটারী কাজ এর জন্য গ্রুপ করা হয়েছে।
- বক্স কালভার্ট এর কাজ সম্পূর্ণ হয়েছে। ওভার হেড ট্যাংক এবং প্যারাবোলিক ছাদ ঢালাইয়ের কাজ চলমান।




### (ঙ) কিশোরগঞ্জ প্রকল্পের বর্তমান অগ্রগতিঃ

- ভূমি উন্নয়নের কাজ ৯৮% সম্পন্ন হয়েছে।
- বাউন্ডারি রিটেইনিং ওয়াল এর কাজ ৯৮% সম্পন্ন হয়েছে, বাকী কাজ চলমান রয়েছে।
- মূল ভবনের ৪র্থ তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। ৫ম তলার কলাম ঢালাইয়ের কাজ চলমান।
- গ্যালারী ঢালাই সম্পন্ন হয়েছে। ক্যান্টিন এর ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে।
- সিলিং প্লাস্টার এর কাজ চলমান।
- অডিটোরিয়ামের ছাদ ঢালাইয় সম্পন্ন হয়েছে ।
- লুবার ঢালাইয়ের কাজ সম্পন্ন হয়েছে।
- ওয়াটার রিজার্ভার এবং সেইফটি ট্যাংক এর কাজ চলমান।
- গভীর নলকূপ স্থাপনের জন্য টেস্ট টিউবওয়েল এর কাজ সম্পন্ন হয়েছে।




### (চ) চাঁদপুর প্রকল্পের বর্তমান অগ্রগতিঃ

- এলাকায় ৯৫% ভূমি উন্নয়ন কাজ সম্পন্ন হয়েছে।
- বাউন্ডারি রিটেইনিং ওয়াল এর কাজ ৮৬% সম্পন্ন হয়েছে, বাকী কাজ চলমান রয়েছে।
- মূল ভবনের ৪র্থ তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। ৫ম তলার কলাম ঢালাইয়ের কাজ চলমান।
- গ্যালারী ঢালাই সম্পন্ন হয়েছে।
- গভীর নলকূপ স্থাপনের জন্য টেস্ট টিউবওয়েল এর কাজ সম্পন্ন হয়েছে।
- ক্যান্টিন এর ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে এবং অডিটোরিয়ামের কলাম ঢালাই চলমান।




**(ছ) দিনাজপুর প্রকল্পের বর্তমান অগ্রগতিঃ**

- ভূমি উন্নয়নের  কাজ ৯২% সম্পন্ন হয়েছে।
- বাউন্ডারি ওয়াল এর কাজ ৮৮% সম্পন্ন হয়েছে, বাকী কাজ চলমান রয়েছে।
- মুল ভবনের ২য় তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে।
- ৩য় তলার ছাদ ঢালাইয়ের জন্য রড বাইন্ডিং এর  কাজ চলমান।
- ক্যান্টিনের অংশের ফ্লোর ঢালাই সম্পন্ন হয়েছে ।
- অডিটোরিয়ামের কলাম ঢালাই এর কাজ সম্পন্ন হয়েছে।
- ওয়াটার রিজার্ভার, সেইফটি ট্যাংক এর কাজ সম্পন্ন হয়েছে।
- লুবার ঢালাইয়ের কাজ সম্পূর্ণ হয়েছে।




**(জ) মানিকগঞ্জ প্রকল্পের বর্তমান অগ্রগতিঃ**

- ভূমি উন্নয়ন ৯০% কাজ সম্পন্ন হয়েছে।
- বাউন্ডারি রিটেইনিং ওয়াল এর কাজ ৮২% সম্পন্ন হয়েছে এবং বাকী কাজ চলমান।
- মুল ভবনের ১ম তলার ছাদ ঢালাই সম্পূর্ণ হয়েছে। ২য় তলার ছাদ ঢালাইয়ের জন্য শাটারিং এর কাজ চলমান।
- ওয়াটার রিজার্ভার এবং সেইফটি ট্যাংক এর কাজ চলমান।
- মেইন গেটের কাজ চলমান।
- লুবারের রড বাইন্ডিং এবং ঢালাইয়ের কাজ চলোমান।




**(ঝ) নারায়নগঞ্জ প্রকল্পের বর্তমান অগ্রগতিঃ**

- ভূমি উন্নয়নের কাজ ৯০% সম্পন্ন হয়েছে।
- ভবন নির্মাণের অংশ হিসেবে ভবনের পাইলিং এর কাজ  সম্পন্ন হয়েছে।
- ডাবল বেজমেন্ট এক্সকাভেশন এর জন্য সীট পাইল ড্রাইভিং ও এক্সকাভেশ এর কাজ সম্পন্ন হয়েছে,
- পাইল হেড ভাঙ্গা, সি সি ঢালাই এবং বেইজের ওয়াল গাঁথুনির কাজ সম্পন্ন হয়েছে।
- ১ম বেসমেন্টে রড বাইন্ডিং এর কাজ সম্পন হয়েছে।
- ৩১/০৭/২০২৪ইং তারিখে  ১ম বেসমেন্ট ঢালাইয়ের ডেট  দেয়া হয়েছে।
- বাউন্ডারি রিটেইনিং ওয়ালের পাইলিং এর কাজ সম্পন্ন হয়েছে।
- মূল ভবনের পাইল এর লোড টেস্ট এবং পিআইটি টেস্ট সম্পূর্ণ হয়েছে।




### (ঞ) বান্দবান প্রকল্পের বর্তমান অগ্রগতিঃ

- ভূমি উন্নয়নের কাজ ৫% সম্পন্ন হয়েছে।
- ভবন নির্মাণের অংশ হিসেবে ভবনের লে-আউট সম্পন্ন হয়েছে।
- বাউন্ডারি রিটেইনিং ওয়ালের ভেটিং সম্পন্ন হয়েছে এবং সে অনুযায়ী বাউন্ডারী রিটেইনিং ওয়ালের পাইলিং এর কাজ চলমান রয়েছে।
- ইতি মধ্যে ৩৬০টি বাউন্ডারী রিটেইনিং ওয়ালের পাইল এর মধ্যে ১৯৮টি পাইল ঢালাই সম্পন্ন হয়েছে।
- বান্দরবন সাইটটি অসমতল হওয়ায় কজের অগ্রগতি কিছুটা ধীর গতিতে হচ্ছে।




### (ট) ভোলা প্রকল্পের বর্তমান অগ্রগতিঃ

- ভুমি উন্নয়ন ৯০% কাজ সম্পন্ন হয়েছে।
- মূল ভবনের ১২২ টি পাইলিং এর কাজ সম্পন্ন হয়েছে।
- বাউন্ডারি রিটেইনিং ওয়াল এর জন্য এক্সকাভেশনের চলমান।
- বাউন্ডারি রিটেইনিং ওয়ালে সি সি ঢালাই চলমান।
- সাইট অফিসের কাজ চলমান সম্পন্ন হয়েছে।
- মূল ভবনের পাইল এর লোড টেস্ট সম্পন্ন হয়েছে।
- পাইল ক্যাপ ভাঙ্গার কাজ সম্পূর্ণ হয়েছে।
- পাই হেড ঢালাইয়ের কাজ চলমান।




### (ট) সিরাজগঞ্জ প্রকল্পের বর্তমান অগ্রগতিঃ

- প্রকল্প এলাকায় ভূমি উন্নয়নের কাজ ৯৫% সম্পন্ন হয়েছে।
- বাউন্ডারি রিটেইনিং ওয়াল ৭৫% সম্পন্ন করা হয়েছে, বাকী কাজ চলমান রয়েছে।
- মুল ভবনের ১ম তলার ছাদ ঢালাই সম্পূর্ণ হয়েছে। ২য় তলার ছাদ ঢালাইয়ের জন্য শাটারিং এর কাজ চলমান।
- ওয়াটার রিজার্ভার এবং সেইফটি ট্যাংক এর কাজ চলমান।
- লুবারের রড বাইন্ডিং এবং ঢালাইয়ের কাজ চলোমান।




### (ঠ) কুষ্টিয়া প্রকল্পের বর্তমান অগ্রগতিঃ

- প্রকল্প এলাকায় ভূমি উন্নয়নের কাজ ৯৮% সম্পন্ন হয়েছে।
- মূল ভবনের পাইলিং এর কাজ সম্পন্ন হয়েছে।
- সাইট অফিসের কাজ চলমান আছে।
- লেবার শেড এবং মালামাল স্টোর রুম এর কাজ সম্পন্ন হয়েছে।
- পাইল ক্যাপ ভাঙ্গার কাজ সম্পূর্ণ হয়েছে।
- পাই হেড ঢালাইয়ের কাজ চলমান।
- শর্ট কলাম ঢালাইয়ের কাজ চলমান।
- মূল ভবনের পাইল এর লোড টেস্ট এবং পিআইটি টেস্ট চলমান।



## ৩.১১.৬ বাংলাদেশ ভারত ডিজিটাল পরিষেবা ও কর্মসংস্থান প্রশিক্ষণ (বিডিসেট) কেন্দ্র শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প

### (ক) প্রকল্পের পরিচিতি:

| | |
|---|---|
| নাম | "Establishment of Bangladesh Bharot Digital Service and Employment Training (BDSET) Center" শীর্ষক কারিগরি সহায়তা (১ম সংশোধিত) প্রকল্প। |
| মেয়াদ | জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২৪ |
| প্রাক্কলিত ব্যয় | ৭৪৫৭.৫৯ লক্ষ টাকা |

### (খ) লক্ষ্য ও উদ্দেশ্য:

- ✓ বাংলাদেশ হাই-টেক পার্কের বিদ্যমান বকাঠামোতে বাংলাদেশ-ভারত ডিজিটাল সেবা ও কর্মসংস্থান প্রশিক্ষণ (বিডিসেট) কেন্দ্র স্থাপনকরণ;
- ✓ উদীয়মান প্রযুক্তিতে ভারতে ৩০ জন স্নাতকের ToT প্রশিক্ষণ;
- ✓ আইটি / আইটিইএস সম্পর্কিত বিষয়ে ২৪০০ জন স্নাতকের পেশাদার প্রশিক্ষণ;
- ✓ আইটি / আইটিইএস সেক্টরে উদ্যোক্তা তৈরি করা;

### (গ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:

- Training of Trainers (ToT) for ৩০ nos. person in India for ৬ months with ১-month internship related works: ৩০ জন ToT প্রশিক্ষণার্থীকে AR, VR, XR, MR এবং AI, ML, DL বিষয়ের উপর Indian Institute of Technology, Kharagpur ও Indian Institute of Technology, Guwahati-তে ৬ (ছয়) মাস মেয়াদী প্রশিক্ষণ এবং ১ মাস মেয়াদী ইন্টার্নশিপ প্রদান করা হয়েছে।
- Decoration & others related works: Decoration এর কাজ সম্পন্ন হয়েছে।

- Supply, Installation and commissioning of ICT Equipment and related items at ০৬ Center related works: ভারতীয় ঠিকাদারী প্রতিষ্ঠান Broadcast Engineering Consultants India Limited (BECIL) কর্তৃক প্রেরিত ICT Equipment BDSET প্রকল্পের ০৬ (ছয়)টি সেন্টার সেটআপ করা হয়েছে।
- Furniture: ফার্নিচার সরবরাহ সম্পন্ন হয়েছে।
- Electrical and other required networking Works: Electrical and other required networking Works সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে।
- Local Training Package: স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।
- Machinery & other Equipment: Machinery & other Equipment সম্পর্কিত কাজ সম্পন্ন হয়েছে।

## ৩.১১.৭ ডিজিটাল উদ্যোক্তা এবং উদ্ভাবন ইকো-সিস্টেম উন্নয়ন প্রকল্প

### (ক)প্রকল্পের পরিচিতি:

| নাম | ডিজিটাল উদ্যোক্তা এবং উদ্ভাবন ইকো-সিস্টেম উন্নয়ন প্রকল্প | |
|---|---|---|
| মেয়াদ | ০১/০১/২০২১ হতে ৩১/১২/২০২৫ খ্রি: | |
| প্রাক্কলিতব্যয় | **আর্থিক উৎস** | **পরিমাণ** |
| | জিওবি<br>প্রকল্প সাহায্য<br>**মোট** | ৩৫৩০৬.০০ লক্ষ টাকা (জিওবি-৯৮০৬.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য- ২৫৫০০.০০ লক্ষ টাকা) |

### (খ) লক্ষ্য ও উদ্দেশ্য:

- ঢাকার কাওরান বাজারে ভিশন-২০২১ টাওয়ার-২ নামীয় পরিবেশ বান্ধব টেকসই অবকাঠামোসহ একটি সফটওয়্যার পার্ক তৈরী;
- সফটওয়্যার টেকনোলজি পার্কসমূহের বিদ্যমান স্টার্ট আপ ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে তৈরী ইনোভেশন হাবে ইনোভেশন সম্পর্কিত কার্যক্রমের পরিবেশ উন্নয়ন এবং কার্যকর ইকো-সিস্টেম তৈরী;
- স্টার্ট আপ- গবেষক, ছাত্র-ছাত্রী এবং বিভিন্ন প্রতিষ্ঠানের ব্যবহারের জন্য কমন ফ্যাসিলিটিজ তৈরী;
- স্টার্ট আপ এবং ক্ষুদ্র ও মাঝারী প্রতিষ্ঠানগুলোর মার্কেটে প্রবেশের হার বৃদ্ধিকরণ; এবং
- জেন্ডার ইনক্লুসিভ এন্টারপ্রেনরশিপ সংস্কৃতি তৈরীর মাধ্যমে ডিজিটাল অর্থনীতির গতি বৃদ্ধি।

### (খ) প্রকল্পের মূল কম্পোনেন্টঃ

১। ভিশন-২০৪১ স্মার্ট টাওয়ার সফটওয়্যার টেকনলোজি পার্ক নির্মাণ এবং বিদ্যমান ভিশন-২০২১ টাওয়ার সফটওয়্যার টেকনলোজি পার্ক সংস্কার কাজ;

২। ৭ (সাত) টি বিশ্ববিদ্যালয়ে ইনোভেশন হাব প্রতিষ্ঠা;

৩। কমন ফ্যাসিলিটি হিসেবে ৪ (চার) টি বিশেষায়িত ল্যাব স্থাপন;

৪। সকল সফটওয়্যার টেকনলোজি পার্কে নির্বাচিত স্টার্ট-আপদের জন্য মেন্টরিং ও এক্সিলারেশন কার্যক্রম;

৫। প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন কার্যক্রম।

### (গ) ২০২৩-২৪ অর্থবছরে সম্পাদিত কার্যক্রমঃ

১। ২ (দুই) টি বিশ্ববিদ্যালয় (চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) ইনোভেশন হাব স্থাপন সম্পন্ন হয়েছে।

২। ভিশন ২০৪১ স্মার্ট টাওয়ার এর মাটি খনন ও ব্রেসিং এর কাজ চলমান রয়েছে।

৩। ভিশন ২০২১ টাওয়ার এর ড্রয়িং ও ডিজাইন চূড়ান্ত করা হয়েছে।

৪। Specialized training for people with disability, Training on soft skill, Training for scalling of IT skill, ও IT skill training for women এর জন্য ফার্ম নির্বাচন সমাপ্ত ও প্রশিক্ষণ শুরু হয়েছে। ৫০ (পঞ্চাশ) জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।

৫। ৪০১ জনের স্টার্ট আপ এবং স্কেল-আপ প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ, মেন্টরিং পিচিং সম্পন্ন হয়েছে।

৬। ইনোভেশন হাব প্রোগ্রামের আওতায় ৪০৬ জনের মেন্টরিং পিচিং সম্পন্ন হয়েছে।

৭। প্রকল্পের সকল কার্যক্রমে সামাজিক ও পরিবেশগত বিষয় বিবেচনা করা হয়েছে।

৮। ৪টি করে PIC ও PSC সভা এবং ১২ টি মাসিক পর্যালোচনা সভা করা হয়েছে।

৯। তথ্য ও প্রযুক্তি বিভাগ, IMED এবং অর্থ বিভাগসহ সকল মন্ত্রণালয়/ বিভাগে নিয়মিত রিপোর্ট/ প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

**(ঘ) প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ**

১। LEED (Leadership in Energy and Environmental Design) Certified এবং Modern green building হিসাবে ভিশন-২০৪১ স্মার্ট টাওয়ার সফটওয়্যার টেকনলোজি পার্ক এর নির্মাণ কাজ শুরু হয়েছে। এ পর্যায়ে মাটি খনন ও ব্রেসিং এর কাজ চলমান রয়েছে।

২। প্রকল্পের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য Design and Supervision Firm, Transaction Advisory Firm, University Innovation Hub Program Management Firm, Program content Production Firm, Start-up Scale-up Program Management Firm- সহ সকল ফার্ম ও ব্যক্তি পরামর্শক নিয়োগ সম্পন্ন হয়েছে। ফার্মের কাজ চলমান।

৩। ভিশন ২০২১ টাওয়ার সফটওয়্যার টেকনলোজি পার্ক এর রেনোভেশন ও আপগ্রেডেশনের জন্য ড্রয়িং, ডিজাইন ও বিওকিউ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

৪। ৪টি বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন হাব স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। ১ টি বিশ্ববিদ্যালয় (বুয়েট) হাবের নির্মাণ কাজ চলমান, দুটি বিশ্ববিদ্যালয় ইনোভেশন হাবের দরপত্র আহ্বান করা হয়েছে।

৫। স্টার্ট আপ ও স্কেল আপ কার্যক্রমের আওতায় ১০০০ টি স্টার্ট আপ কোম্পানির বিকাশে সহায়তা প্রদান করা হবে। এ কার্যক্রমের আওতায় ইতোমধ্যে ১৫ (পনেরো) টি ব্যাচে (৪০১ টীম) প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।

৬। বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক ইনকিউবেশন কার্যক্রমের আওতায় ৩০০০ জন উদ্যোক্তাকে স্টার্ট আপ কোম্পানি গড়ে তোলার বিষয়ে প্রশিক্ষিত করা হবে। ইতোমধ্যে ৯৪টি দলের ৪০৬ ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৭। PIU এর সকল জনবল নিয়োগ সম্পন্ন হয়েছে।

## ৩.১১.৯ "আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার স্থাপন (১৪টি)" প্রকল্প

**(ক) প্রকল্পের পরিচিতি:**

| নাম | **"আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার স্থাপন (১৪টি)" প্রকল্প** | |
|---|---|---|
| মেয়াদ | জুলাই ২০২২-জুন ২০২৭ | |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস | পরিমান |
| | জিওবি | ১১১৪৬২.৭৬ (লক্ষ টাকা) |

**(খ) লক্ষ্য ও উদ্দেশ্য:**

- ন্যূনতম এস.এস.সি/সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের আইটি/আইটিইএস এ দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা;
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে উদ্যোক্তা তৈরিতে সহায়তা করা;
- স্টার্ট-আপদের সহায়তা প্রদান;
- আইটি/আইটিইএস সেক্টরে যুব সমাজের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে সহায়তা করা।

**(গ) প্রকল্প এলাকাঃ**

| বিভাগ | জেলা | উপজেলা | জমির পরিমাণ |
|---|---|---|---|
| সিলেট (২) | হবিগঞ্জ | সদর | (৭.১২ একর খাস) |

| | | | |
|---|---|---|---|
| | সুনামগঞ্জ | সদর | (১.৯৩ একর খাস+ ০.৮০ একর ব্যক্তিমালিকানাধীন) ২.৭৩ একর |
| খুলনা (১) | নড়াইল | সদর | (৪.৭৭ একর খাস) |
| ঢাকা (৩) | টাঙ্গাইল | মধুপুর | (২.০০ একর খাস) |
| | ঢাকা | নবাবগঞ্জ | (৪.০০ একর ব্যক্তিমালিকানাধীন) |
| | গোপালগঞ্জ | কাশিয়ানি | (৬.৯৪৫ একর খাস) |
| ময়মনসিংহ (১) | শেরপুর | সদর | (২.৩২ একর ব্যক্তিমালিকানাধীন) |
| রংপুর (৪) | গাইবান্ধা | সদর | (২.৫০ একর ব্যক্তিমালিকানাধীন) |
| | পঞ্চগড় | দেবীগঞ্জ | (৩.০০ একর (নৃপেন্দ্র নারায়ন স্কুল কমিটির নামে রেকর্ডভূক্ত) |
| | ঠাকুরগাঁও | সদর | (২.১৮ একর খাস) |
| | নীলফামারি | সদর | (২.০০ একর ব্যক্তিমালিকানাধীন) |
| চট্টগ্রাম (২) | নোয়াখালী | সদর | (২.০০ একর খাস জমি) |
| | ফেনী | পরশুরাম | (২.০০ একর ব্যক্তিমালিকানাধীন) |
| বরিশাল (১) | পটুয়াখালী | সদর | (১.০০ একর ব্যক্তিমালিকানাধীন) |

**(গ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:**

| ক্র: | কাজের বিবর | বাস্তব কাজের অগ্রগতি (%) |
|---|---|---|
| ১৮ | বৈদেশিক প্রশিক্ষণ | ০.০০% |
| ১৯ | অভ্যন্তরীন প্রশিক্ষণ | ০.০০% |
| ২০ | পরামর্শক | ৪০% |
| ৩২ | ভূমি অধিগ্রহণ/ক্রয় | ৮০% |
| ৩৩ | ভূমি উন্নয়ন | ৪০% |
| ৩৪ | ০৭ (সাত)তলা ফাউন্ডেশন বিশিষ্ট ইনকিউবেশন ভবন | ১৫% |
| ৩৫ | ২ (দুই)তলা ফাউন্ডেশন বিশিষ্ট সিকিউরিটি ভবন কাম ওয়ার হাউজ | ২৫% |
| ৩৬ | বাউন্ডারি ওয়াল | ১৫% |
| ৩৭ | গেট হাউজ নির্মাণ ১৪ টি | ০.০০% |
| ৩৮ | ল্যান্ড স্কেপিং ও প্লান্টেশন | ০.০০% |
| ৩৯ | ওয়াটার সাইড প্রটেকশন | ০.০০% |
| ৪০ | অন্যান্য সাইট সার্ভে, স্টার্ট-আপ ফ্লোর ডিজাইন ইত্যাদি | ০.০০% |
| ৪১ | অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ | ০.০০% |
| ৪২ | অভ্যন্তরীণ ড্রেনেজ ব্যবস্থা এবং ইউটিলিটি ডাক্ট | ০.০০% |
| ৪৩ | নলকূপ স্থাপন এবং অভ্যন্তরীণ পানি সরবরাহ ব্যবস্থা। | ০.০০% |
| ৪৪ | কালভার্ট নির্মাণ | ১০% |





নড়াইল সাইটের ৭ তলা ভবনের ১ম তলার ছাদের ঢালাই সমাপ্ত হয়েছে।





নবাবগঞ্জ সাইটের ২য় তলা বিশিষ্ট সিকিউরিটি ভবনের ২য় তলার ঢালাই কাজ সম্পন্ন হয়েছে।





হবিগঞ্জ সাইটের সিকিউরিটি ভবনের গাথুনীর কাজ চলমান।





টাঙ্গাইল সাইটের রিজার্ভ ট্যাংকের ওয়ালের ঢালাই কাজ সমাপ্ত হয়েছে।






পঞ্চগড় সাইটের সয়েল টেস্ট ও সার্ভের কাজ।

গাইবান্ধা সাইটের সয়েল টেস্ট ও সার্ভের কাজ।




ঠাকুরগাঁও সাইট মাটি ভরাটের কাজ চলমান।



নোয়াখালী সাইট বিল্ডিং এর লে-আউটের কাজ চলামান।





পটুয়াখালি সাইটের সিকিউরিটি ভবনে সার্ভিস পাইলের ঢালাই কাজ



সুনামগঞ্জ সাইটের মাটি ভরাটের কাজ চলমান।